

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭৮৬

२१/ शिष्ठां (کتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫২, কুরআন অধ্যয়নের সওয়াব

بَابِ ثَوَابِ الْقُرْآنِ

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ شُعْبَةَ، عَنْ قَتَادَةَ، عَنْ عَبَّاسٍ الْجُشَمِيّ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيّ - صلى الله عليه وسلم - قَالَ " إِنَّ سُورَةً فِي الْقُرْآنِ تَلاَثُونَ آيَةً شَفَعَتْ لِصَاحِبِهَا حَتَّى غُفِرَ لَهُ (تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ) ".

#### বাংলা

৮/৩৭৮৬। আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কুরআন মজীদে তিরিশ আয়াতবিশিষ্ট একটি সূরা আছে, যা তার তিলাওয়াতকারীর জন্য শাফা'আত করবে, শেষে তাকে ক্ষমা করা হবে। তা হলোঃ তাবারাকাল্লায়ী বিয়াদিহিল ''মুলক'' (সূরা মুলক)

## **English**

It was narrated from Abu Hurairah that the Prophet (ﷺ) said:

"There is a surah in the Qur'an, with thirty verses, which will intercede for its companion (the one who recites it) until he is forgiven: Tabarakal-ladhi bi yadihil mulk (Blessed is He in Whose Hand is the Dominion)."

### ফুটনোট

তিরমিয়ী ২৮৯১, আবূ দাউদ ১৪০০, রাওদুন নাদীর ৬৪, আত-তালীকুর রাগীব ২/২২২, ২২৩, সহীহ আবু দাউদ ১২৬৫।

### হাদিসের শিক্ষা

\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:



- ১। এই হাদীসটির দ্বারা সূরা আল্ মুলক এর কতকগুলি মর্যাদার বিষয় প্রমাণিত বা সাব্যস্ত হয়।
- ২। যে ব্যক্তি যত্নসহকারে এই সূরাটি পাঠ করবে ও তার উপদেশগুলি মেনে চলবে এবং একনিষ্ঠতা ও আন্তরিকতার সহিত আল্লাহ ও তদীয় রাসূলের আনুগত্য করবে, সেই ব্যক্তির পাপমোচনের জন্য এই সূরাটি আল্লাহর কাছে সুপারিশ করবে।
- ৩। যত্নসহকারে এই সূরাটির পঠন পাঠন, অধ্যয়ন ও অধ্যাপনা, গবেষণা এবং অনুধাবন করার প্রতি এই হাদীসটি উৎসাহ প্রদান করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন